

প্রেস রিলিজ  
২০ মে ২০২৫

## বাউবির এসএসসি ভর্তি পরীক্ষা-২০২৫ এর ফলাফল প্রকাশ



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামে ভর্তিচ্ছু যে সকল আবেদনকারীর জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/সমমানের সনদ নেই, তাদের ২৬ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষা-২০২৫ এর আঞ্চলিক কেন্দ্রভিত্তিক ফলাফল ১৯ মে ২০২৫ তারিখ সোমবার প্রকাশিত হয়। ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক ড. মহা. আমিরুল ইসলাম ভর্তি পরিষ্কার এ ফলাফল আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এ বি এম ওবায়দুল ইসলাম এর নিকট হস্তান্তর করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীন, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. শিরিন সুলতানা ও ভর্তি কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন। ভর্তি পরীক্ষায় ৫,০১০ জন আবেদনকারীর মধ্যে ৩,৯১৭ জন উত্তীর্ণ হয়। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের ভর্তি কার্যক্রম ২০ মে ২০২৫ তারিখ থেকে ০২ জুন ২০২৫ তারিখ পর্যন্ত চলবে। এছাড়াও যেসব শিক্ষার্থীর জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি/স্বীকৃত সমমানের সনদপত্র রয়েছে তাদের ভর্তির আবেদনের তারিখ ২০ মে ২০২৫ থেকে ০২ জুন ২০২৫ তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়েছে।



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮